

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
আইসিটি সেল

ইনোভেশন টিমের ৩য় সভার কার্যবিবরণী (২০১৯-২০ অর্থ বছর)

সভাপতি	ড. তরুণ কান্তি শিকদার অতিরিক্ত সচিব
সভার তারিখ	২৬ ডিসেম্বর ২০১৯
সভার সময়	বেলা ১১.০০ ঘটিকা
স্থান	সভাপতি মহোদয়ের অফিস কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। অতঃপর সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য সভাপতি সদস্য-সচিবকে অনুরোধ করেন। সদস্য-সচিব নিম্নরূপভাবে আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেনঃ

১.০ **আলোচ্য সূচি:** সুরক্ষা সেবা বিভাগ এবং অধীনস্থ অধিদপ্তরসমূহের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০১৯-২০ এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও আশু করণীয় নির্ধারণ।

১.১ **আলোচনা:** সভায় উপস্থিত সদস্যবৃন্দ সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন অধিদপ্তরসমূহের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০১৯-২০২০ এর বিভিন্ন দিক নিয়ে বিস্তারিত আলোচনা করেন। সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন অধিদপ্তরসমূহের ২০১৯-২০২০ এর অর্থবছরে অনুমোদিত উদ্ভাবনী উদ্যোগ/ধারণা, অনুমোদিত উদ্ভাবনী উদ্যোগ/ধারণা হতে ন্যূনতম একটি পাইলটিং বাস্তবায়ন ও মূল্যায়ন, উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০২ দিনের প্রশিক্ষণ আয়োজন, অধিদপ্তরসমূহ কর্তৃক দাখিলকৃত বিগত ২০১৮-১৯ অর্থবছরের স্ব-মূল্যায়ন স্কোর পর্যালোচনাপূর্বক চূড়ান্ত স্কোর নির্ধারণ, ইনোভেশন কোডে বাজেট বরাদ্দ এবং দেশে নলেজ শেয়ারিং ও বিদেশে শিক্ষা সফরের বিষয়ে সম্ভাব্য প্রতিষ্ঠান ও দেশ চিহ্নিতকরণের উদ্যোগ গ্রহণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন অধিদপ্তরসমূহের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০১৯-২০২০ এর সকল কার্যক্রম যথাসময়ে বাস্তবায়নের উপর সভায় গুরুত্ব আরোপ করা হয়।

১.২ **সিদ্ধান্ত:**

ক) সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন অধিদপ্তরসমূহের ২০১৯-২০২০ এর অর্থবছরে অনুমোদিত উদ্ভাবনী উদ্যোগ/ধারণা সমূহ এবং অনুমোদিত উদ্ভাবনী উদ্যোগ/ধারণা হতে ন্যূনতম একটি পাইলটিং বাস্তবায়নের সরকারি আদেশ সম্পন্নক্রমে স্ব স্ব অফিসের ওয়েবসাইটে দ্রুত আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়।

খ) সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন অধিদপ্তরসমূহ কর্তৃক জানুয়ারী ২০২০ মাসের মধ্যে ০১টি উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০২ দিনের প্রশিক্ষণ আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

গ) অধিদপ্তরসমূহ কর্তৃক দাখিলকৃত বিগত ২০১৮-১৯ অর্থবছরের স্ব-মূল্যায়ন স্কোর পর্যালোচনাপূর্বক চূড়ান্ত স্কোর নির্ধারণের লক্ষ্যে যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ), উপসচিব (প্রশাসন-১) এবং প্রোগ্রামার আগামী সভার কার্যপত্রে উপস্থাপন করবেন যা সভায় আলোচনাক্রমে চূড়ান্ত করা হবে এবং পরবর্তীতে সচিব মহোদয়ের অনুমোদনক্রমে অধিদপ্তরসমূহের নিকট প্রেরণ করা হবে।

ঘ) কর্মপরিকল্পনার ৯.২ এবং ৯.৩ নং কার্যক্রম অনুসারে দেশে নলেজ শেয়ারিং ও বিদেশে শিক্ষা সফরের বিষয়ে সম্ভাব্য প্রতিষ্ঠান ও দেশ চিহ্নিতকরণ করার লক্ষ্যে এ বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহকে প্রস্তাবনা প্রেরণের অনুরোধ করা হলো। চিফ ইনোভেশন

অফিসার, যুগ্মসচিব জনাব মল্লিক সাঈদ মাহবুব, উপসচিব জনাব মো: মনিরুজ্জামান এবং উপসচিব জনাব মো: আবুল কালাম তালুকদার কর্তৃক বিষয়টি সমন্বয়ের জন্য অনুরোধ করা হলো।

ঙ) উল্লিখিত কর্মপরিকল্পনার ৩.১ নং কার্যক্রম অনুসারে উদ্ভাবন খাতের বাজেট বরাদ্দ হতে যে ব্যয়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে তা সংশোধিত বাজেট প্রণয়নের সময় সংশ্লিষ্ট কোডে (৩২৫৭১০৫) বরাদ্দ প্রদান নিশ্চিত করার জন্য সুরক্ষা সেবা বিভাগ ও অধীনস্থ অধিদপ্তরসমূহের বাজেট প্রণয়নের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অনুরোধ করা হলো।

চ) উপর্যুক্ত সিদ্ধান্তসমূহের পরিপ্রেক্ষিতে সুরক্ষা সেবা বিভাগের অধীনস্থ অধিদপ্তরসমূহ স্ব স্ব লক্ষ্যমাত্রা অনুযায়ী অনুরূপ পদক্ষেপ গ্রহণ করবে।

২.০ আলোচ্য সূচি:বিবিধ।

২.১ আলোচনা: মাসিক সভা ও অন্যান্য প্রতিবেদন প্রস্তুতির সুবিধার্থে সুরক্ষা সেবা বিভাগের ইনোভেশন টিমে উপসচিব (প্রশাসন-৩ শাখা) – কে কো-অপ্ট করার বিষয়ে আলোচনা হয়। এছাড়াও প্রযোজ্য ক্ষেত্রে এ বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহের ইনোভেশন টিমের পূর্নগঠন করার বিষয়ে আলোচনা হয়। সুরক্ষা সেবা বিভাগের অধীনস্থ অধিদপ্তরসমূহের মাঠ পর্যায়ে ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান বিষয়ে আলোচনা হয়।

২.২ সিদ্ধান্ত:

ক) সুরক্ষা সেবা বিভাগের ইনোভেশন টিমে উপসচিব (প্রশাসন-৩ শাখা) – কে কো-অপ্ট এবং এ বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহের ইনোভেশন টিমের পূর্নগঠনপূর্বক (প্রযোজ্য ক্ষেত্রে) স্ব স্ব অফিসের ওয়েবসাইটে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়।

খ) সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক এ বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহের জেলা/উপজেলা পর্যায়ের অফিস পরিদর্শনের সময় ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



ড. তরুণ কান্তি শিকদার
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৮.৩১.০০৬.১৭.২

তারিখ: ২০ পৌষ ১৪২৬

০৪ জানুয়ারি ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ
- ২) জনাব মল্লিক সাঈদ মাহবুব, যুগ্মসচিব ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
- ৩) জনাব মো: শওকত আলী, যুগ্মসচিব ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
- ৪) জনাব মো: মনিরুজ্জামান, উপসচিব ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
- ৫) জনাব মো: আবুল কালাম তালুকদার, উপসচিব ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
- ৬) জনাব মনিরা হক, সিনিয়র সহকারী সচিব ও উদ্ভাবনী ধারণা প্রদানকারী, নিরাপত্তা-৪ শাখা, সুরক্ষা সেবা বিভাগ

- ৭) জনাব মো: আইয়ুব হোসেন, প্রোগ্রামার ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ
৮) অতিরিক্ত সচিব (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ) এর ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ



মোঃ আলতাফ হোসেন
উপসচিব